

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৬৯৯

তেলিয়ামুড়া, খোয়াই, ধর্মনগর  
পানিসাগর, কাঞ্চনপুর, কুমারঘাট  
জিরানীয়া, জম্পুইজলা, সোনামুড়া  
বিলোনীয়া, শান্তিরবাজার,  
২৫ জানুয়ারি, ২০২৪

**রাজ্যে ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপিত**

রাজ্যের বিভিন্ন মহকুমায় আজ ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপিত হয়। অনুষ্ঠানগুলিতে অতিথিগণ জাতীয় ভোটার দিবসের তাৎপর্য তুলে ধরেন। অনুষ্ঠানগুলিতে নতুন ভোটারদের হাতে সচিত্র পরিচয়পত্র তুলে দেওয়া, ভোটার সচেতনতামূলক আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, এবারের জাতীয় ভোটার দিবসের থিম হচ্ছে ‘নাথিং লাইক ভোটিং, আই ভোট ফর সিওর’। তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে তেলিয়ামুড়া মহকুমা ভিত্তিক ১৪ তম জাতীয় ভোটার দিবসে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী রামেশ্বর তেলি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধানসভার সরকারি মুখ্যসচিব বিধায়ক কল্যাণী রায়, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান যমুনা দাস, তেলিয়ামুড়া বিএসি’র চেয়ারম্যান ভানুলাল রাঞ্জল, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী প্রমুখ। খোয়াই মহকুমার বনবিধী ইকোপার্কও আজ ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন অতিরিক্ত জেলাশাসক কেশব কর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেপুটি পুলিশ সুপার প্রসেনজিৎ রায়, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন প্রমুখ। অনুষ্ঠানে ভোটারদের শপথবাক্য পাঠ করান অতিরিক্ত জেলাশাসক কেশব কর। অনুষ্ঠানে নতুন ৮ জন ভোটারের হাতে এপিক কার্ড তুলে দেওয়া হয়।

ধর্মনগর মহকুমায়ও আজ ১৪তম জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে। বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলাশাসক দেবপ্রিয় বর্ধন। উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস ও বিপ্লব দাস, মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে নতুন ভোটারদের হাতে এপিক কার্ড তুলে দেওয়া হয়। পানিসাগরের টাউনহলে আজ পানিসাগর মহকুমাভিত্তিক ১৪তম জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর সরকারি মহাবিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. সৌভিক বাগচি, পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে ভোটারদের জাতীয় ভোটার দিবসের শপথবাক্য পাঠ করান ডিসিএম প্রদীপ কুমার সরকার। অনুষ্ঠানে নির্বাচনে কর্তব্য পালনে বিশেষ অবদানের জন্য সেক্টর অফিসার, সুপারভাইজার, বিএলওদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়।

\*\*\*\*\*২য় পাতায়

অনুষ্ঠিত হয় উনুজ্জ কুইজ প্রতিযোগিতাও। কাঞ্চনপুর টাউনহলেও আজ ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কে। অনুষ্ঠানে নতুন ভোটারদের এপিক কার্ড তুলে দেওয়া হয়। তাছাড়া অনুষ্ঠিত হয়েছে কুইজ প্রতিযোগিতা। কুমারঘাট মহকুমায়ও আজ ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়। মহকুমা ভিত্তিক এই অনুষ্ঠানের আয়োজন করা হয় কুমারঘাট পঞ্চায়েত সমিতির হলে। অনুষ্ঠানে শপথবাক্য পাঠ করান কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুদীপ ভৌমিক। অনুষ্ঠানে নতুন ভোটারদের হাতে এপিক কার্ড তুলে দেওয়া হয়। তাছাড়া ১০ জন বিএলওকে শ্রেষ্ঠ বিএলও হিসেবে সংবর্ধনা দেওয়া হয়। এদিন ৫০-পাবিয়াছড়া (এসসি) ও ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রের ১১৩টি ভোটগ্রহণ কেন্দ্রে জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়েছে।

জিরানীয়া মহকুমায় আজ ১৪তম জাতীয় ভোটার দিবস উদযাপন করা হয়েছে। জিরানীয়ার অগ্নিবীনা হলে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা। অনুষ্ঠানে নতুন ভোটারদের এপিক কার্ড তুলে দেওয়া হয়। তাছাড়াও জাতীয় ভোটার দিবস উপলক্ষে আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। জম্পুইজলা মহকুমা ভিত্তিক ১৪তম জাতীয় ভোটার দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয় বুখুরুই কমিউনিটি হলে। অনুষ্ঠানের উদ্বোধন করেন জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক সুমিত কুমার পাণ্ডে। অনুষ্ঠানে মহকুমা শাসক ভোটারদের শপথবাক্য পাঠ করান। তাছাড়াও মহকুমার ৬ জন বিএলওকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সোনামুড়া মহকুমা ভিত্তিক ১৪তম জাতীয় ভোটার দিবস অনুষ্ঠানের আয়োজন করা হয় নবদ্বীপ চন্দ্র ইনস্টিটিউশানে। অনুষ্ঠানে ১০ জন নতুন ভোটারের হাতে এপিক কার্ড তুলে দেওয়া হয়। বিলোনীয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে উদযাপিত হয় দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক ১৪তম জাতীয় ভোটার দিবস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিলোনীয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস। তাছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুরত রিয়াং, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক রিঙ্কু লেথার প্রমুখ। জাতীয় ভোটার দিবস উদযাপন উপলক্ষে জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণ থেকে সুসজ্জিত ট্যাবলু ও বাইসাইকেল র্যালি বিলোনীয়া শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। অনুষ্ঠানে জাতীয় ভোটার দিবস প্রবন্ধ, শ্লোগান ও আর্ট প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। শান্তিরবাজার মহকুমা ভিত্তিক ১৪তম জাতীয় ভোটার দিবস আজ মহকুমা শাসক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন নতুন ভোটার বিজয়াশ্রী পাল। অনুষ্ঠানে নতুন ভোটারদের হাতে সচিত্র পরিচয়পত্র তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*